

# ■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৬২৭৭

পর্ব-৩০: মান-মর্যাদা (كتاب المناقب)

পরিচ্ছেদঃ তৃতীয় অনুচ্ছেদ - ইয়ামান ও শাম (সিরিয়া) দেশের বর্ণনা এবং উওয়াইস করানী-এর আলোচনা

اَلْفصلُ الثَّالِثُ ( بَاب تَسْمِيَة من سمي من أهل الْبَدْر فِي «الْجَامِع لِلْبُخَارِيِّ» )

### আরবী

عَنْ شُرَيْحِ بْنِ عُبَيْدٍ قَالَ: ذُكِرَ أَهْلُ الشَّامِ عِنْدِ علي [رَضِي الله عَنهُ] وَقِيلَ الْعَنْهُمْ يَا أَمِيرَ الْمُؤْمِنِينَ قَالَ: لَا أَنِّي سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ: «الْأَبْدَالُ يَكُونُونَ بِالشَّامِ وَهُمْ أَرْبَعُونَ رَجُلًا كُلَّمَا مَاتَ رَجُلٌ أَبْدَلَ اللَّهُ مَكَانَهُ رَجُلًا يُسْقَى بِهِمُ الْغَيْثُ وَيُطرِف عَن أهل الشَّام بهم الْعَذَاب»

اسناده ضعیف ، رواه احمد (1 / 112 ح 896) \* شریح بن عبید عن علی رضی الله عنه : "ستكون عنه : منقطع ، فالسند ضعیف لانقطاعه ـ وقال سیدنا علی رضی الله عنه : "ستكون فتنة یحصل الناس منها كما یحصل الذهب فی المعدن فلا تسبوا اهل الشام و سبوا ظلمتهم فان فیهم الابدال و سیر سل الله الیهم سیبًا من السماء فیغرقهم ،،، " الخ رواه الحاكم (4 / 553 ح 8688) و صححه و وافقه الذهبی و سنده صحیح ـ (ضَعیف)

#### বাংলা

৬২৭৭-[১২] শুরায়হ ইবনু 'উবায়দ (রহিমাহুল্লাহ) হতে বর্ণিত। তিনি বলেন, একদিন 'আলী (রাঃ)- এর সামনে শাম (সিরিয়া)-বাসীদের আলোচনা হয়। তখন কেউ বলল, হে আমীরুল মু'মিনীন! তাদের ওপর লা'নাতের বদ'দুআ করুন। উত্তরে 'আলী (রাঃ) বললেন, না, (লা'নাত করব না)। কেননা আমি রাসূলুল্লাহ (সা.) -কে বলতে শুনেছি, 'আবদাল সিরিয়াতেই হয়। তাঁরা চল্লিশ লোক। যখনই তাঁদের কেউ মৃত্যুবরণ করেন, তখনই আল্লাহ তা'আলা তাঁর স্থানে আরেকজনকে নিযুক্ত করেন। তাঁদের বরকতে বৃষ্টি বর্ষিত হয়, তাঁদের ওয়াসীলায় শত্রুদের বিরুদ্ধে সাহায্য পাওয়া যায় এবং তাঁদের বরকতে সিরিয়াবাসীদের ওপর হতে শাস্তি দূর করা হয়।



## ফুটনোট

সনদ মুনকাত্বি: মুসনাদে আহমাদ ৮৯৬; হাদীসটি য'ঈফ হওয়ার কারণ 'আলী এবং শু'বাহ-এর মাঝে বিচ্ছিন্নতা আছে, দেখুন- সিলসিলাতু য'ঈফাহ্ ২৯৯৩।

#### ব্যাখ্যা

ব্যাখ্যা: (ذُكِرَ أَهْلُ الشَّامِ) এখানে শামের অধিবাসী বলতে 'আলী (রাঃ)-এর বিরোধীদেরকে বুঝানো হয়েছে। যাদের মধ্যে রয়েছে মু'আবিয়াহ্ (রাঃ) এবং তার সাথে যারা শামদেশে ছিলেন। যিনি 'উমার (রাঃ) এর শাসনকালের শেষ পর্যন্ত শামের শাসনকর্তা ছিলেন। সে কারণে 'আলী (রাঃ)-এর সামনে তাদের মন্দ আলোচনা করা হয়েছে। এর জবাবে 'আলী (রাঃ) বললেন, তাদের প্রতি অভিশম্পাত নয়। কারণ তারা আমাদের ভাই, যারা আমাদের বিরোধিতা করেছে। অন্যান্য বর্ণনায় এ কথায় স্পষ্টতাই উল্লেখ হয়েছে। (মিশকাতুল মাসাবীহ - মুম্বাই ছাপা, শেষ খণ্ড, পৃ. ২৯৫)।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন